# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭৯৪

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - ক্রয়-বিক্রয় ও লেনদেনে সহনশীলতা

بَابُ الْمُسَاهَلَةِ فِى الْمُعَامَلَةِ

---

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «الْحلف منفقة للسلعة ممحقة للبركة»

বাংলা

২৭৯৪-[৫] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ বেশি বেশি কসম খাওয়ায় মালের কাটতি হয়, কিন্তু বরকত দূর করে দেয়। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২০৮৭, মুসলিম ১৬০৬, আবূ দাঊদ ৩৩৩৫, নাসায়ী ৪৪৬১, আহমাদ ৭২০৭, সহীহ আত্ তারগীব ১৭৯৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (اَلْحَلْفُ مَنْفَقَةٌ لِلسِّلْعَةِ) ‘‘শপথ পণ্যের প্রচার দ্রুত করে’’ অর্থাৎ অধিক পরিমাণে শপথ পণ্যের প্রচার দ্রুত ছড়িয়ে দেয়ার কারণ হয়। অথবা শপথকারী মনে করে যে, এতে পণ্য দ্রুত প্রচলিত হবে।

(مَمْحَقَةٌ لِلْبَرَكَةِ) ‘‘বরকত দূরীভূত করার কারণ’’ অধিক পরিমাণে শপথ করার কারণে বরকত চলে যায়। (মিরকাতুল মাফাতীহ)

হাদীসের শিক্ষাঃ ক্রয়-বিক্রয়ে বেশী বেশী শপথ করা নিষেধ। প্রয়োজন ব্যতীত শপথ করা মাকরূহ। (শারহে মুসলিম ১১/১২ খন্ড, হাঃ ১৬০৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68121

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন